



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০  
বিদ্যালয়-২ শাখা

স্মারক নম্বর: ৩৮.০০৮.০৩১.০০.০০.০১২.২০১২-১৪৬

২০ ফাল্গুন ১৪২৬  
তারিখঃ-----  
০৪ মার্চ ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'মুজিববর্ষ' উপলক্ষ্যে আগামী ১৭ই মার্চ ২০২০ জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপনের জন্য দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (ক) সমাবেশ;
- (খ) জাতীয় সঙ্গীত;
- (গ) মাননীয় প্রধানমন্ত্রীর চিঠি পাঠ;
- (ঘ) কেক কাটা;
- (ঙ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা;
- (চ) আলোচনা সভা; বিষয়: ছোটদের বঙ্গবন্ধু; এবং
- (ছ) সাংস্কৃতিক অনুষ্ঠান।

০২. এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে উপরোক্ত কর্মসূচিসমূহ দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথভাবে পালনের জন্য মার্চ পর্যায়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রমের জেলাওয়ারি প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নাজমা শেখ  
০৪/৩/২০২০  
(নাজমা শেখ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭২৫৫

মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।